Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

রিসার্চের বিষয়ঃ

ব্যক্তি জীবনে সুন্নাতের গুরুত্ব

তত্ত্বাবধায়নেঃ

মুফতি: মুজিবুর রহমান

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

তানিয়া আক্তার

রোলঃ 228021804

২০ মে, ২০২৫ ইং

Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

রিসার্চের বিষয়ঃ

ব্যক্তি জীবনে সুন্নাতের গুরুত্ব

এই রিপোর্ট টি ইসলামিক অনালাইন মাদ্রাসার ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজের একটি আনুসাঙ্গিক রিপোর্ট।

তত্ত্বাবধায়নেঃ

মুফতি: মুজিবুর রহমান

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

তানিয়া আক্তার

রোলঃ 228021804

Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, " ব্যক্তি জীবনে সুন্নাতের গুরুত্ব " বিষয়ক গবেষণাপত্র টি আমার তত্ত্বাবধানে ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্ট থেকে তানিয়া আক্তার, আইডিঃ 228021804 বিচক্ষনতার সাথে সম্পন্ন করেছেন।

(স্বাক্ষর)

তত্ত্বাবধায়নেঃ

মুফতি: মুজিবুর রহমান
রিসার্চ ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

(স্বাক্ষর)

এক্সটারনালঃ

মাও: আরমান হোসাইন
কুরআন ট্রান্সলেশন ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

ঘোষণাপত্র

আমি নিম্নস্বাক্ষরকারী এ মর্মে ঘোষণা করছি যে, “ ব্যক্তি জীবনে সুন্নাতের গুরুত্ব ” শিরোনামে এই গবেষণাপত্র ইসলামিক অনলাইন মাদ্রাসার (Islamic Online Madrasah – IOM) ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের মুফতি: মুজিবুর রহমান উস্তাদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও নির্দেশনায় সম্পন্ন করেছি। অন্য কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে কোন প্রকার ডিগ্রি/ডিপ্লোমা অর্জনের জন্য বা প্রকাশের জন্য গবেষণাপত্র সম্পূর্ণ কিংবা এর অংশবিশেষ উপস্থাপন করা হয়নি।

আমি আরও ঘোষণা করছি যে, এই গবেষণা কর্মটি আমার নিজস্ব মৌলিক রচনা। আমার জানা মতে ইতিপূর্বে আর কোন ব্যক্তি এই শিরোনামে কোন গবেষণাপত্র রচনা করেননি।



(স্বাক্ষর)

তারিখঃ

২০ মে, ২০২৫ ইং

তানিয়া আক্তার

আইডিঃ 228021804

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ।

ইসলামিক অনলাইন মাদ্রাসা।

সূচিপত্র

ভূমিকা: ব্যক্তি জীবনে সুন্নাতের গুরুত্ব- 6
সুন্নাতের পরিচয় 7
সুন্নাতের প্রকারভেদ 13
কুরআন ও হাদিসে সুন্নাতের মর্যাদা 14
ব্যক্তিগত জীবনে সুন্নাতের ভূমিকা 17
পারিবারিক জীবন ও সুন্নাতের প্রভাব 19
সামাজিক জীবনে সুন্নাতের গুরুত্ব 25
নৈতিকতা ও চরিত্র গঠনে সুন্নাত 28
ক্ষমাশীলতা ও ধৈর্য—সুন্নাহর আলোয় হৃদয়ের প্রশান্তি 31
সত্যবাদিতা—সুন্নাহর আলোয় অন্তরের মুক্তি ও সমাজের স্থিতি 32
সত্যদর্শী হওয়া মানেই জান্নাতের পথ 34
রাগ নিয়ন্ত্রণ ও কোমল ব্যবহার—সুন্নাহর আদর্শে ভদ্রতা ও আত্মশুদ্ধি 34
অন্যের প্রতি কোমল ব্যবহারও রাসূল (সা.)-এর সুন্নাহ 36
আধুনিক জীবনে সুন্নাহ চর্চার চ্যালেঞ্জ 40
আধুনিক জীবনে সুন্নাহ চর্চার সমাধানের পথ 43
সুন্নাত বাস্তবায়নে করণীয় ও দিকনির্দেশনা 47
সুন্নাহ পালনের জন্য ইলম অর্জন অপরিহার্য 47
নিয়তকে খাঁটি রাখা 48
ছোট ছোট সুন্নাত দিয়েই শুরু করা 48
সমাজে সুন্নাহ প্রচার ও উৎসাহ দেওয়া 49
সমাজের কটূক্তি ও ব্যঙ্গ উপেক্ষা করা 49
দোআ ও আল্লাহর সাহায্য কামনা 50
উপসংহার 51

ভূমিকা: ব্যক্তি জীবনে সুন্নাতের গুরুত্ব-

মানুষের জীবন এমন এক সফর, যার প্রতিটি পদক্ষেপে রয়েছে পরীক্ষা, সিদ্ধান্ত এবং গন্তব্যের সন্ধান। এই জীবনের প্রতিটি বাঁকে, প্রতিটি কঠিন মুহূর্তে একটাই প্রশ্ন উঠে আসে—আমি কীভাবে চলবো, কোন পথে পা বাড়াবো, কার আদর্শে নিজেকে গড়বো? এই প্রশ্নের উত্তরে আল্লাহ রাব্বুল আলামীন আমাদের সামনে একটি নির্ভুল, নির্ভরযোগ্য, সর্বোত্তম আদর্শ উপস্থাপন করেছেন—তিনি হলেন আমাদের প্রিয় নবী, হাবীব, হাদী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম। আর তাঁর জীবনের এক একটি ধাপ, এক একটি কথা, এক একটি আচরণ—সবই আমাদের জন্য সুন্নাত।

সুন্নাত কোনো অতীতের ইতিহাস নয়, কোনো নির্জীব স্মৃতিচিহ্নও নয়। বরং সুন্নাত হলো এক জীবন্ত পথনির্দেশ, যা মানুষের অন্তরকে আলোকিত করে, জীবনকে শান্তির ছায়ায় আনে, আত্মাকে শুদ্ধ করে এবং চরিত্রকে করে উন্নত, মার্জিত ও উদার। ব্যক্তি জীবনে যখন কেউ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নাতকে বেছে নেয় নিজের পথনির্দেশক হিসেবে, তখন তার প্রতিটি পদক্ষেপে বরকত নেমে আসে, তার চিন্তায় আসে পরিপক্কতা, তার আচরণে ফুটে উঠে মহানুভবতা এবং তার অন্তরে জাগে আল্লাহর প্রেম।

আজকের সমাজে মানুষ প্রযুক্তির ঝলকে, জৌলুশের প্রতিযোগিতায়, পাশ্চাত্য সংস্কৃতির স্রোতে আত্মপরিচয় ভুলে যেতে বসেছে। মুসলিম নামধারী অনেকেই রাসূলের জীবনকে কেবল ইতিহাসের পাতায় সীমাবদ্ধ করে ফেলেছে। অথচ আল্লাহ তাআলা কুরআনে আমাদের স্মরণ করিয়ে দেন—

وَمَا آتَاكُمُ الرَّسُولُ فَخُذُوهُ وَمَا نَهَاكُمْ عَنْهُ فَانْتَهُوا

“রাসূল তোমাদের যা দেন, তা গ্রহণ করো, আর যা থেকে তিনি নিষেধ করেন, তা থেকে বিরত থাকো।”

—সূরা হাশর, আয়াত: ৭

এই নির্দেশ একটি মৌলিক চেতনা জাগিয়ে তোলে—আমাদের বেঁচে থাকার পদ্ধতি, কথা বলার কায়দা, অন্যের সঙ্গে আচরণ—সবই হতে হবে সেই মহান ব্যক্তির অনুসরণে, যিনি ছিলেন আল্লাহর সর্বশেষ নবী, সমগ্র মানবতার জন্য রহমতস্বরূপ প্রেরিত।

সুন্নাত কেবল ইবাদতের আড়ম্বর নয়, বরং সুন্নাত জীবনের প্রতিটি পরতে—হাসি-আঁখির ভাষা থেকে শুরু করে সংসার পরিচালনা পর্যন্ত—আদর্শ ও ভারসাম্যের শিক্ষা দেয়। এই শিক্ষার মাঝে আছে মানবিকতা, নম্রতা, ক্ষমাশীলতা, বিনয়, ভ্রাতৃত্ববোধ, দয়ালুতা এবং সর্বোপরি আল্লাহভীতির পূর্ণ প্রতিফলন।

সুন্নাতের পরিচয়

সুন্নাত শব্দের শাব্দিক বা আভিধানিক অর্থ: ছবি, প্রতিচ্ছবি, প্রকৃতি, জীবন পদ্ধতি, কর্মধারা, রীতি, আদর্শ ইত্যাদি।[2] শরয়ী পারিভাষিক অর্থ উল্লেখ করতে ইবনু মানযুর[3] লিখেন:

"وإذا أطلقت في الشرع فإنما يراد بها ما أمر به النبي صلى الله عليه وسلم ونهى عنه وندب إليه قولا وفعلا مما لم ينطق به الكتاب العزيز ولهذا يقال في أدلة الشرع الكتاب والسنة أي القرآن والحديث."

‘‘তবে যখন শরীয়তে সুন্নাত শব্দটি প্রয়োগ করা হয় তখন এর দ্বারা উদ্দেশ্য হয়, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে সব বিষয়ের আদেশ করেছেন, যে সব থেকে নিষেধ করেছেন, কথা ও কর্মের মাধ্যমে যে দিকে আহ্বান করেছেন, যা সম্মানিত কিতাব কুরআনে বলা হয় নি। এ জন্যই বলা হয়, শরীয়তের দলীল কিতাব ও সুন্নাত। অর্থাৎ হাদীস এবং কুরআন’’[4]

উসূলে ফিকহের কিতাবাদিতে সুন্নাতের সংজ্ঞায় বলা হয়েছে:

"السنة في اصطلاح الأصوليين هي "ما صدر عن النبي - صلى الله عليه وسلم - غير القرآن" وهذا يشمل: قوله:- صلى الله عليه وسلم-، وفعله، وتقريره، وكتابته، وإشارته، وهمه، وتركه ".)معالم اصول الفقة عند اهل السنة والجماعة 1-118(

‘‘উসূলীদের পরিভাষায় সুন্নাত হচ্ছে, ‘‘কুরআন ছাড়া যা কিছুই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে প্রকাশ পেয়েছে’’ এই সংজ্ঞায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কথা, কর্ম, স্বীকৃতি, লিখা, ইঙ্গিত, প্রতিজ্ঞা ও বর্জন সুন্নাতের অন্তর্ভুক্ত।’’[5]

আল্লামা শাওকানী[6] রাহ. সুন্নাতের সংজ্ঞাটি যেভাবে বর্ণনা করেন:

"وأما معناها شرعًا: أي: في اصطلاح أهل الشرع فهي: قول النبي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وفعله وتقريره، وتطلق بالمعنى العام على الواجب وغيره في عرف أهل اللغة والحديث، وأما في عرف أهل الفقه فإنما يطلقونها على ما ليس بواجب، وتطلق على ما يقابل البدعة كقولهم: فلان من أهل السنة ". (ارشاد الفحول الى تحقيق الحق من علم الاصول ، الفصل الاول، في معنى السنة لغة وشرعا 1-95)

‘‘শরয়ী পরিভাষায় সুন্নাতের অর্থ, অর্থাৎ শরীয়তবিদদের পরিভাষায় সুন্নাত হচ্ছে: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কথা, কাজ ও সমর্থন। ভাষাবিদ ও হাদীস বিশারদদের নিকট ব্যাপক অর্থে তা ওয়াজিব এবং অন্যান্য বিষয়ের উপর প্রয়োগ করা হয়। তবে ফিক্বহবিদদের পরিভাষায় তারা ওয়াজিব নয় এমন বিষয়ের উপর সুন্নাতের প্রয়োগ করে থাকেন। এর বিপরীতে বিদ‘আত শব্দটি ব্যবহার হয়, যেমন বলা হয়: অমুক আহলুস্-সুন্নাহ।’’[7]

উপরের সংজ্ঞা থেকে আমরা বুঝতে পেরেছি যে, ফিক্বহের পরিভাষায় সুন্নাতের একটি অর্থ, ফরয এবং ওয়াজিব ব্যতীত অন্যান্য আমল।

তবে সুন্নাতের মৌলিক অর্থ, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সার্বিক জীবন আদর্শ। ফরয, ওয়াজিব ও নফল সবকিছুর উপর সুন্নাতের ব্যবহার হাদীসে প্রসিদ্ধ। মোটকথা, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জীবন আদর্শই দীন। জীবনাদর্শের বিভিন্ন দিকের গুরুত্বের তারতম্য থেকে বা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কথা থেকে ফরয, ওয়াজিব, নফল ইত্যাদি শব্দের ব্যবহার করা হয়েছে। ইবাদতের মধ্যে সুন্নাতের ব্যতিক্রম মানেই দীনের মধ্যে তাহরিফ বা পরিবর্তন। দীনকে আল্লাহ তা‘আলা পরিপূর্ণ করার ঘোষণা[8] এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জীবনাদর্শই সর্বোচ্চ আদর্শ বলে ঘোষণা[9] দিয়ে দিয়েছেন। তাই কোনো ধরণের কম-বেশি, যোগ-বিয়োগ করার সুযোগ নেই। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন যে ইবাদত যেভাবে করেছেন তা তখন সেভাবে করতে হবে। এর ব্যতিক্রম করলে তা খেলাফে সুন্নাত বলে অগ্রাহ্য হবে।

2] ইবনু মানযুর, লিসানুল আরব, মাদ্দাহ: سنن , ১৩/১২৪।

[3] আরবী ভাষার বিশাল শব্দ ভান্ডার সম্বলিত বিখ্যাত অভিধান ‘লিসানুল-আরব’ এর রচয়িতা আবুল ফযল জামালুদ্দীন ইবনু মানযুর আল-আনসারী, জন্ম: ৬৩০ ওফাত: ৭১১

হিজরী, মোতাবেক: ১২৩২-১৩১১ ঈসায়ী। মূল আফ্রিক্বী বংশীয়, তবে তার জন্ম ও মৃত্যু মিশরে। (আল-আ'লাম: ৭/১০৮।

[4] লিসানুল আরব, প্রাগুক্ত।

[5] ড. মুহাম্মদ হুসাইন ইবন হাসান, মা'আলিমুল উসূলিল ফিক্বহী 'ইনদা আহলিস্-সুন্নাতি ওয়াল জামা'আহ, দ্বিতীয় আলোচনা, সুন্নাতের সংজ্ঞা, পৃষ্ঠা:১১৮।

[6] মুহাম্মদ ইবন আলী ইবন মুহাম্মদ ইবন আবদুল্লাহ আশ্-শাওকানী। ১১৭৩-১২৫০ হিজরী, ১৭৬০-১৮৩৪ ঈসায়ী। ইয়ামান এর সান'আর ফক্বীহ, মুজতাহিদ। উসূল, হাদীস, ফিক্বহ, তাফসীর সর্ব বিষয়ে তার পান্ডিত্য ও রচনা বিদ্যমান।

[7] আল্লামা শাওকানী, ইরশাদুল ফুহুল ইলা তাহ্ক্বীক্বিল হাক্বি মিন ইলমিল উসূল, প্রথম পরিচ্ছেদ, সুন্নাতের আভিধানিক এবং শরয়ী অর্থ, ১/৯৫।

[8] সূরা মায়েদাহ, আয়াত: ৩।

[9] সূরা আহযাব, আয়াত: ২১।

ইসলামি জীবন ব্যবস্থা মূলভিত্তির পুরো ভাগই কোরআন এবং সুন্নাহর উপর নির্ভরশীল। আল্লাহ তাআলা মানুষের কল্যাণে জীবন বিধান হিসেবে তাঁর মাধ্যমে গাইড স্বরূপ দান করেছেন কোরআন। এর ব্যাখ্যা হচ্ছে নবিজী সুন্নাহ। এ কারণেই নবিজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নাত পালন ও গুরুত্ব সম্পর্কে মহান আল্লাহ তাআলা এভাবে ঘোষণা দিয়েছেন-

وَ مَآ اٰتٰىكُمُ الرَّسُوْلُ فَخُذُوْهُ وَ مَا نَهٰىكُمْ
عَنْهُ فَانْتَهُوْا

'আর রাসুল তোমাদেরকে যা দেন তা তোমরা গ্রহণ কর এবং যা থেকে তোমাদেরকে নিষেধ করেন তা থেকে বিরত থাক।' (সুরা হাশর : আয়াত ৭)

হযরত আবূ হুরায়রা (রাঃ) বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

"ذَرُوني ما ترَكتُكم فإنَّما هلَك مَن كان قبْلكم بكثرةِ سؤالِهم واختلافِهم على أنبيائِهم، فإذا نهيتُكم عن شيءٍ فاجتنبوه، وإذا أمرتُكم بشيءٍ فأتوا منه ما استطعتُم ".

অর্থাৎ: "আমি যে ব্যাপারে তোমাদের ছেড়ে দিয়েছি, সে সম্পর্কে তোমরা আমাকে জিজ্ঞেস করো না। কারণ, তোমাদের পূর্ববর্তী উম্মাতগণ তাদের নবীদের কাছে অপ্রয়োজনীয় প্রশ্ন ও বিরোধিতার কারণে ধ্বংস হয়েছে। অতএব, আমি তোমাদের যে বিষয়ে নিষেধ করেছি, তা থেকে বিরত থাকো এবং যে বিষয়ে নির্দেশ দিয়েছি, তা তোমরা যতটুকু সম্ভব পালন করো।"

এই হাদিসটি বুখারী (৭২৮৮) ও মুসলিম (১৩৩৭) সহ বিভিন্ন হাদিস গ্রন্থে বর্ণিত হয়েছে।
পবিত্র কুরআন এর আয়াত ও প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদিসে এ বিষয়টি সুস্পষ্ট যে, সুন্নাতের উপর আমল করা; সুন্নাতের অনুসরণ ও অনুকরণ করা শুধু জরুরিই নয় বরং একান্ত আবশ্যক। কারণ কুরআনুল কারিমের একাধিক আয়াত ও প্রিয় নবি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনেক হাদিসে তা প্রমাণিত।

১. আল্লাহ বলেন- وَمَا يَنطِقُ عَنِ ٱلۡهَوَىٰٓ إِنۡ هُوَ إِلَّا وَحۡيٞ يُوحَىٰ
‘সে (নবিজী সা.) নিজ থেকে মনগড়া কোনো কথা বলেন না। (তিনি যা বলেন) তা তো ওহি; যা তার প্রতি প্রত্যাদেশ হয়।’ (সুরা নাজম : আয়াত ৩-৪)
২.হযরত আবু হুরায়রা (রাঃ) বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন:

"كُلُّ أُمَّتِي يَدْخُلُونَ الْجَنَّةَ إِلَّا مَنْ أَبَىٰ". قَالُوا: "وَمَنْ يَأْبَىٰ يَا رَسُولَ اللَّهِ؟" قَالَ: "مَنْ أَطَاعَنِي دَخَلَ الْجَنَّةَ وَمَنْ عَصَانِي فَقَدْ أَبَىٰ ."

অর্থাৎ: "আমার উম্মতের সবাই জান্নাতে প্রবেশ করবে, তবে যে ব্যক্তি অস্বীকার করবে সে ছাড়া।" তারা বলল: "হে আল্লাহর রাসূল! কে অস্বীকার করবে?" তিনি বললেন: "যে ব্যক্তি আমার আনুগত্য করবে সে জান্নাতে প্রবেশ করবে, আর যে ব্যক্তি আমার অবাধ্য হবে সে অস্বীকার করেছে।"

এই হাদিসটি সঠিক বর্ণনা হিসেবে বুখারী শরীফে (হাদিস নং ৭২৮০) বর্ণিত হয়েছে।

এই হাদিসটি আমাদেরকে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর আনুগত্যের গুরুত্ব এবং তাঁর নির্দেশাবলী পালনের প্রয়োজনীয়তা সম্পর্কে স্পষ্টভাবে অবহিত করে।
৩. আল্লাহ বলেন- قُلۡ إِن كُنتُمۡ تُحِبُّونَ ٱللَّهَ فَٱتَّبِعُونِي يُحۡبِبۡكُمُ ٱللَّهُ وَيَغۡفِرۡ لَكُمۡ ذُنُوبَكُمۡۚ

‘(হে রাসুল! আপনি) বলে দিন, তোমরা যদি আল্লাহকে ভালোবাসতে চাও, তাহলে আমার অনুসরণ কর। ফলে আল্লাহ তোমাদেরকে ভালোবাসবেন এবং তোমাদের অপরাধসমূহ ক্ষমা করবেন।’ (সুরা আল-ইমরান : আয়াত ৩১)

৪.হযরত ইরবায ইবনু সারিয়াহ (রাঃ) বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) একদিন আমাদেরকে এমন এক বক্তৃতা দিলেন যা আমাদের অন্তরকে কাঁপিয়ে দিয়েছিল এবং চোখে পানি চলে এসেছিল। আমরা বললাম, “হে আল্লাহর রাসূল! মনে হচ্ছে এটি বিদায় বেলায় দেওয়া উপদেশ; আপনি আমাদেরকে উপদেশ দিন।” তিনি বললেন, “আমি তোমাদেরকে আল্লাহকে ভয় করতে এবং তাঁর আনুগত্য করতে উপদেশ দিচ্ছি; যদিও তোমাদের উপর কোনো গোলাম শাসক হোক। তোমাদের মধ্যে যারা বেঁচে থাকবে তারা অনেক মতবিরোধ দেখবে; সুতরাং তোমরা আমার সুন্নাত ও হেদায়াতপ্রাপ্ত খোলাফায়ে রাশেদীনের পদ্ধতি মেনে চল, তা দাঁত দিয়ে (অর্থাৎ খুব শক্তভাবে) ধরে রাখ; আর অভিনব বিষয় সম্পর্কে সাবধান থাক, কারণ প্রত্যেক অভিনব বিষয় হচ্ছে বিদ’আত, প্রত্যেক বিদ’আত হচ্ছে গোমরাহী এবং প্রত্যেক গোমরাহীর পরিণাম হচ্ছে জাহান্নামের আগুন।”

এই হাদিসটি সহীহ আবূ দাউদ (৪৬০৭) ও তিরমিযী (২৬৬) গ্রন্থে বর্ণিত হয়েছে।
৫. আল্লাহ বলেন- لَّقَدۡ كَانَ لَكُمۡ فِي رَسُولِ ٱللَّهِ أُسۡوَةٌ حَسَنَةٞ لِّمَن كَانَ يَرۡجُواْ ٱللَّهَ وَٱلۡيَوۡمَ ٱلۡأٓخِرَ

‘তোমাদের মধ্যে যারা আল্লাহ ও পরকালকে ভয় করে এবং আল্লাহকে অধিক স্মরণ করে তাদের জন্য রাসুলুল্লাহর (চরিত্রের) মধ্যে উত্তম আদর্শ রয়েছে।’ (সরা আহজাব : আয়াত ২১)

৬.হাদিসটি সহীহ মুসলিম-এর হাদিস নং ২০২১-এ বর্ণিত হয়েছে। বর্ণনাকারী হচ্ছেন সালামাহ ইবনু আকওয়া (রাঃ), যিনি তাঁর পিতার মাধ্যমে এই হাদিস বর্ণনা করেছেন।

عَنْ سَلَمَةَ بْنِ الْأَكْوَعِ قَالَ: أَكَلَ رَجُلٌ عِندَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِشِمَالِهِ، فَقَالَ: كُلْ بِيَمِينِكَ، قَالَ: لَا أَسْتَطِيعُ، قَالَ: لَا اسْتَطَعْتَ، مَا مَنَعَهُ إِلَّا الْكِبْرُ، فَمَا رَفَعَهَا إِلَى فِيهِ

হযরত সালামাহ ইবনু আকওয়া (রাঃ) বর্ণনা করেছেন যে, এক ব্যক্তি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকটে বাম হাতে খাবার খাচ্ছিলেন। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, "তুমি তোমার ডান হাতে খাও।" সে বলল, "আমি পারব না।" তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, "তুমি যেন না পারো।" আসলে তাকে বাধা দিয়েছিল অহংকার। তারপর সে আর কখনো তার ডান হাত মুখের কাছে তুলতে পারেনি।(মুসলিম, মুসনাদে আহমাদ)

৭. আল্লাহ তাআলা আরও বলেন- مَّن يُطِعِ ٱلرَّسُولَ فَقَدۡ أَطَاعَ ٱللَّهَ
‘যে রাসুলের আনুগত্য করলো, সে আসলে আল্লাহরই আনুগত্য করলো।’ (সুরা নিসা : আয়াত ৮০)

সুতরাং মুমিন মুসলমানের উচিত, নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নাতের যথাযথ অনুসরণ ও অনুকরণ করা। কুররআন-হাদিসের দিকনির্দেশনা অনুযায়ী নবিজীর সুন্নাত মেনে জীবন গঠনে মনোযোগী হওয়া।

- আল্লাহ তাআলা মুসলিম উম্মাহকে নবিজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নাতের অনুসরণ ও অনুকরণে যথাযথ আমল করার তাওফিক দান করুন। জীবনের প্রতিটি ক্ষেত্রে সুন্নাতের আলোকে গঠন করার তাওফিক দান করুন। আমিন।

সুন্নাতের প্রকারভেদ

সুন্নাত দুই প্রকার।যথা-

১.সুন্নাতে মুয়াক্কাদা

২.সুন্নাতে যায়েদা

সুন্নাতে মুয়াক্কাদা:- যে সকল কাজ রাসুল (ﷺ) নিজে সর্বদাই পালন করতেন এবং অন্যদেরকে তা পালনের তাগিদ দিতেন তাকে সুন্নাতে মুয়াক্কাদা বলে।

যেমন —আজান ও ইকামত দেওয়া, ফজর সালাতের ফরজের পূর্বে দুই রাকাআত,জোহরের সালাতের পূর্বে চার রাকাআত ও পরে দুই রাকাআত,মাগরিব ও এশার ফরজের পর দুই রাকাআত নামায আদায় করা সুন্নাতে মুয়াক্কাদা।

বি.দ্র: সুন্নাতে মুয়াক্কাদাহ ওয়াজিবের কাছাকাছি।এগুলো পালন করা কর্তব্য। ইচ্ছাকৃতভাবে বা অবহেলাবশত বিনা কারণে এগুলো পালন না করলে গুনাহ হয়।

সুন্নাতে যায়েদাঃ সুন্নাতে যায়েদা হল অতিরিক্ত সুন্নত।যে সকল কাজ নবীজি(ﷺ) করেছেন বলে প্রমাণিত তবে তিনি সর্বদা তা পালন করতেন না বরং কখনো করতেন আবার কখনো ছেড়ে দিতেন এসব কাজকে সুন্নাতে যায়েদা বলা হয়।নবীজি (ﷺ) এরূপ কাজ করার জন্য উম্মতকে উৎসাহিত করেছেন।তবে এ ব্যাপারে তিনি তাগিদ করেননি এবং তা না করলে গুনাহ হয় না। সুন্নাতে জায়েদাহকে সুন্নাতে গায়রে মুয়াক্কাদাহও বলা হয়।

যেমন — এশা ফরজ সালাতের আগের চার রাকাত এবং আসরের ফরয সালাতের আগে চার রাকাত।

বি. দ্র: সুন্নাতে যায়েদা পালনে অনেক সওয়াব অর্জন করা যায়।তবে, তা পরিত্যাগ করলে কোন গুনাহ হবে না।

কুরআন ও হাদিসে সুন্নাতের মর্যাদা

সুন্নাতের মর্যাদা ইসলামে অত্যন্ত গুরুত্বপূর্ণ। কুরআন ও হাদিস উভয় উৎসেই জোর তাগিদ দেয়া হয়েছে। দলিলসহ বিস্তারিত ব্যাখ্যা দেওয়া হলো:

১.মহান আল্লাহ তায়ালা বলেন

-وَ مَاۤ اٰتٰىكُمُ الرَّسُوۡلُ فَخُذُوۡهُ وَ مَا نَهٰىكُمۡ عَنۡهُ فَانۡتَهُوۡا

‘আর রাসুল তোমাদেরকে যা দেন তা তোমরা গ্রহণ কর এবং যা থেকে তোমাদেরকে নিষেধ করেন তা থেকে বিরত থাক।’ (সুরা হাশর : আয়াত-৫৯:৭)

এই আয়াতে রাসূল (ﷺ)–এর আনুগত্যের কথা বলা হয়েছে।যা সুন্নাত মানার প্রয়োজনীয়তা প্রমান করে।রাসূলে অনুসরণ করা ফরজ।

অন্য আয়াতে মহান আল্লাহ তায়ালা বলেন- আল্লাহ বলেন-

قُلۡ إِن كُنتُمۡ تُحِبُّونَ ٱللَّهَ فَٱتَّبِعُونِي يُحۡبِبۡكُمُ ٱللَّهُ وَيَغۡفِرۡ لَكُمۡ ذُنُوبَكُمۡۚ

‘(হে রাসুল! আপনি) বলে দিন, তোমরা যদি আল্লাহকে ভালোবাসতে চাও, তাহলে আমার অনুসরণ কর। ফলে আল্লাহ তোমাদেরকে ভালোবাসবেন এবং তোমাদের অপরাধসমূহ ক্ষমা করবেন।’ (সুরা আল-ইমরান : আয়াত ৩১)

এই আয়াতের মাধ্যমে আল্লাহ তায়ালা স্পষ্ট জানিয়ে দিয়েছেন রাসূলের অনুসরণেই আল্লাহ তায়ালার ভালোবাসা পাওয়া যাবে।

হাদিসের দলিলঃ

إِنِّي تَارِكٌ فِيكُمْ مَا إِنِ اعْتَصَمْتُمْ بِهِ لَنْ
تَضِلُّوا بَعْدِي: كِتَابَ اللَّهِ وَسُنَّةَ نَبِيِّهِ.

রাসূল (ﷺ) বলেন :
" আমি তোমাদের মধ্যে এমন দুই বিষয় রেখে যাচ্ছি, যদি তোমরা সেগুলোর উপর দৃঢ়ভাবে আমল কর, তাহলে কখনো পথভ্রষ্ট হবে না: আল্লাহর কিতাব এবং তাঁর নবীর সুন্নাহ।" (মুসনাদ আহমদ:২৭৪৮)

এই হাদিসের মাধ্যমে রাসূল ﷺ আমাদেরকে দুটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি নির্দেশ দিয়েছেন :১.আল্লাহর কিতাব (কুরআন) এটি আল্লাহর পক্ষ থেকে নাযিলকৃত হেদায়েতের উৎস, যা আমাদের জীবনের প্রতিটি ক্ষেত্রে দিকনির্দেশনা প্রদান করে।

২.রাসূলের সুন্নাহ: রাসূল ﷺ -এর বাণী,কর্মও সম্মতি যা ইসলামের বাস্তব প্রয়োগ এবং আমাদের জন্য আর্দশ।
রাসূল ﷺ বলেছেন, " যতক্ষণ তোমরা এই দুটি বিষয় আঁকড়ে ধরবে,ততক্ষণ কখনো পথভ্রষ্ট হবে না।" এটি আমাদেরকে কুরআন ও সুন্নাহর প্রতি দৃঢ় আনুগত্যের গুরুত্ব তুলে ধরে।

সুন্নাত ছেড়ে দিলেই বিপদ
রাসূল ﷺ বলেন:

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «فَمَن رَغِبَ عَنْ سُنَّتِي فَلَيْسَ مِنِّي
“যে আমার সুন্নাহ থেকে বিমুখ হলো, সে আমার দলভুক্ত নয়।”
— [সহীহ বুখারী, হাদীস: 5063; সহীহ মুসলিম, হাদীস: 1401]

অন্য এক হাদিসে সুন্নাত অনুসরণকারীর জন্য পুরস্কারের কথা বলা হয়েছে।

রাসূল ﷺ বলেন

: عَنْ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ:
"مَنْ أَحْيَا سُنَّتِي فَقَدْ أَحَبَّنِي، وَمَنْ أَحَبَّنِي كَانَ مَعِي فِي الْجَنَّةِ"

“যে আমার সুন্নাতকে জীবিত করলো, সে আমাকে ভালোবাসলো। আর যে আমাকে ভালোবাসে, সে জান্নাতে আমার সঙ্গী হবে।”
— (সুনান আত-তিরমিজি: 2678;)

সুন্নাতকে জীবিত করলো অর্থ : রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর শিক্ষা, চাল-চলন,ইবাদত, আখলাক,সামাজিকও পারিবারিক জীবনচর্চা ইত্যাদি, যা মানুষ ভুলে গেছে বা অবহেলা করছে, তা আবার চালু করে দেওয়া। রাসূলের সুন্নাহকে অনুসরণ-অনুকরণ করাই প্রকৃত ভালোবাসার প্রমাণ।শুধু মুখে ভালোবাসা প্রকাশ করলেই হয় না, বাস্তবে তা আমলে রূপ নিতে হবে,যে ব্যক্তি এভাবে রাসুল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ভালোবাসবে ও তাঁর সুন্নাহকে জীবিত করবে, তাঁর পুরস্কার হবে জান্নাতে রাসূলের সান্নিধ্য

ইমাম শাফেয়ী (রহ.)বলেন, "যদি কোনো বিষয়ে কুরআনে কিছু না পাও,তবে রাসূল ﷺ - এর সুন্নাতে খোঁজো।কারণ সুন্নাতও ওহী।"

সুন্নাতের মর্যাদা,কুরআন সুন্নাত মানতে নির্দেশ দেয় হাদিস সুন্নাত মানার গুরুত্ব ব্যাখা করে,সুন্নাত মানা মানেই রাসূলের অনুসরণ- অনুকরণ, রাসূল ﷺ এর অনুসরণ মানেই আল্লাহর সন্তুষ্টি অর্জন ।

চলতে হবে কিভাবে জীবন যাপন করতে হবে,এবং আল্লাহর সন্তুষ্টি অর্জন করতে হবে,নবীজির প্রতিটি কথা,প্রতিটি কাজ এবং আচরণ ছিলো এক একটি শিক্ষা,আর এটাই হচ্ছে সুন্নাত।

ব্যক্তিগত জীবনে সুন্নাতের ভূমিকা

- রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ছিলেন মানবজাতির জন্য শ্রেষ্ঠতম আদর্শ।আল্লাহ তায়ালা রাসূল ﷺ কে তিনি জেনো মানুষকে পথ দেখান— কিভাবে কিভাবে চলতে হবে কিভাবে জীবন যাপন করতে হবে,এবং আল্লাহর সন্তুষ্টি অর্জন করতে হবে,নবীজির প্রতিটি কথা,প্রতিটি কাজ এবং আচরণ ছিলো এক একটি শিক্ষা,আর এটাই হচ্ছে সুন্নাত।

•একজন মুসলমানের দিন শুরু হয় রাসূল (সা.)-এর শেখানো দোয়া ও আচার অনুসরণ করে। ঘুম থেকে উঠে তিনি বলতেন:
“আলহামদুলিল্লাহিল্লাযি আহইয়ানা বাদা মা আমাতানা ওয়া ইলাইহিন্নুশূর।”
এই দোয়াটির মধ্যে রয়েছে আল্লাহর প্রতি কৃতজ্ঞতা এবং মৃত্যুর পরে জীবিত হওয়ার স্মরণ। এই অভ্যাস একজন মানুষকে দিনভর আল্লাহমুখী ও সচেতন রাখে।

•শৌচাগারে প্রবেশের সময় রাসূল (ﷺ) নির্দিষ্ট দোয়া পড়তেন এবং বাম পা দিয়ে প্রবেশ করতেন। বের হওয়ার সময় ডান পা দিয়ে বের হতেন। তিনি পরিচ্ছন্নতাকে ঈমানের অঙ্গ বলেছেন। ব্যক্তিগত পরিচ্ছন্নতা, ওজু, মিসওয়াক—সবই ছিল তাঁর অভ্যাস।

•খাওয়ার আগে ও পরে হাত ধোয়া, ‘বিসমিল্লাহ’ বলা, ডান হাতে খাওয়া, নিজের দিক থেকে খাওয়া—সবকিছুই রাসূল (ﷺ)-এর অভ্যাস। তিনি কখনো খাদ্য নিয়ে নালিশ করতেন না। যে খাবার পেতেন তাতেই সন্তুষ্ট থাকতেন। তিনবারে পানি পান করতেন এবং বসে পান করতেন। আধুনিক বিজ্ঞানেও আজ প্রমাণিত হয়েছে, এসব অভ্যাস স্বাস্থ্যকর।
•রাসূল (ﷺ)-এর ব্যক্তিগত জীবনের কেন্দ্রে ছিল নামাজ, যিকির, দোয়া ও আল্লাহর স্মরণ। তিনি নামাজের প্রতি ছিলেন সবচেয়ে যত্নবান। অসুস্থতা,ভ্রমণ,যুদ্ধ কিংবা ক্লান্তি—কোন অবস্থাতেই তিনি নামাজ ত্যাগ করেননি। তিনি বলেছেন, “নামাজ আমার চোখের শীতলতা।” তিনি সকাল-বিকাল বিভিন্ন দোয়া ও যিকির করতেন, যা তাঁর আত্মিক শক্তির অন্যতম উৎস ছিল।তিনি আমাদের শিক্ষা দিয়েছেন —নামাজ হলো মুমিনের মেরাজ,এটি জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ ইবাদত।

•রাসূল (ﷺ) ছিলেন একজন আদর্শ স্বামী ও পিতা। তিনি স্ত্রীদের সাথে ভালো ব্যবহার করতেন, তাঁদের অনুভূতির প্রতি যত্নবান ছিলেন। কখনো অপমান করতেন না, বরং দয়া, সহানুভূতি ও সহযোগিতার মাধ্যমে সংসার জীবন পরিচালনা করতেন। নিজ হাতে কাপড় সেলাই করতেন, ঘরের কাজে অংশ নিতেন

•তিন ঘুমানোর আগে ওজু করতেন,বিসমিল্লাহ বলে তিন বার বিছানা ঝেড়ে নিতেন, ডান কাত হয়ে শুতেন এবং নির্দিষ্ট দোয়াগুলো পাঠ করতেন। এই অভ্যাস শুধু ধর্মীয় নয়, বরং এটি স্বাস্থ্যসম্মতও।

•জীবনের দুঃখ-কষ্টেও তিনি ছিলেন ধৈর্যশীল। তাঁর সন্তানদের মৃত্যু, যুদ্ধের কষ্ট, সমাজের বিদ্রূপ—সবই তিনি সহ্য করেছেন, কিন্তু কখনো অভিযোগ করেননি। তিনি সবসময় বলতেন, “ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।” এই শিক্ষা আমাদের শেখায়—জীবনের প্রতিটি কঠিন মুহূর্তে কিভাবে আল্লাহর উপর ভরসা রাখতে হয়।

•রাসূল (ﷺ) জীবনে অত্যন্ত সময়ানুবর্তী ছিলেন। নির্দিষ্ট সময়ে ইবাদত, বিশ্রাম, কাজ—সব কিছুই তিনি নির্ধারিতভাবে করতেন। ব্যক্তি জীবনে সুন্নাতের এই দিকটি আমাদের শেখায়, সময়কে কিভাবে গুরুত্ব দিতে হয়।

•রাসূল (ﷺ) বলেছেন, “তোমাদের মধ্যে উত্তম হলো সেই ব্যক্তি, যার চরিত্র উত্তম।” তাঁর জীবনে সততা, ন্যায়বোধ, বিনয়, ক্ষমাশীলতা, সহানুভূতি সবকিছুই পরিপূর্ণভাবে ছিল। তাঁর জীবনের অনুসরণ করলে একজন ব্যক্তি পরিপূর্ণ মানব হতে পারে।

সুন্নাত কেবল বাহ্যিক আচরণ নয়; এটি একটি পূর্ণাঙ্গ আত্মিক ও নৈতিক জীবনব্যবস্থা। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর জীবনের অনুসরণ আমাদেরকে দুনিয়ার সফলতা এবং আখিরাতের মুক্তির পথে পরিচালিত করে। আমাদের উচিত, প্রতিদিন অন্তত একটি সুন্নাত নিজের জীবনে বাস্তবায়ন করার চেষ্টা করা এবং আল্লাহর সন্তুষ্টির পথে অগ্রসর হওয়া।

পারিবারিক জীবন ও সুন্নাতের প্রভাব

ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা, যেখানে মানুষ কেবল মসজিদে নয়—ঘরেও আল্লাহর সন্তুষ্টি কামনায় জীবন যাপন করে। ইসলামের আলোকে গড়া পরিবার হলো জান্নাতের প্রতিচ্ছবি। এই পরিবার শুধু দাম্পত্য সম্পর্কের মাধ্যমে নয়, বরং দয়া, ভালোবাসা, দায়িত্ববোধ, আখলাক, এবং পারস্পরিক সহযোগিতার মাধ্যমে গড়ে উঠে। আর এই সবকিছুর প্রকৃত রাহবার হলেন আমাদের প্রিয় নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম।

ব্যক্তিজীবনে মহানবী (সা.) একজন সাধারণ মানুষের মতো ছিলেন। অবসর সময়ে তিনি পারিবারিক কাজে অংশ নিতেন। নিজের কাজ নিজেই করে নিতেন। আসওয়াদ (রা.) বলেন, আমি একবার আয়েশা (রা.)-কে জিজ্ঞাসা করলাম—
'রাসুল (সা.) ঘরে কী কাজ করতেন? উত্তরে তিনি বললেন, 'তিনি ঘরের কাজে ব্যস্ত থাকতেন, অর্থাৎ গৃহস্থালি কাজে পরিবার-পরিজনের সহযোগিতায় থাকতেন। যখন নামাজের সময় হতো, তখন নামাজে চলে যেতেন।' (বুখারি, হাদিস : ৬৭৬)
পৃথিবীর শ্রেষ্ঠ ব্যক্তিত্ব হওয়া সত্ত্বেও রাসুল (সা.) কতটা নমনীয় ছিলেন, তা সহজেই অনুমেয়। তিনি অতি সাধারণ কাজও নিজ হাতে করেছেন। বিভিন্ন হাদিসে সেগুলোর বিবরণ পাওয়া যায়। আয়েশা (রা.) থেকে বর্ণিত এক হাদিসে এসেছে, 'তিনি অন্যান্য মানুষের মতোই একজন ছিলেন। নিজের কাপড়ের উকুন পরিষ্কার করতেন, বকরির দুধ দোহন করতেন এবং নিজের কাজ নিজেই করতেন।' (মুসনাদ আহমদ, হাদিস : ২৬১৯৪)
আয়েশা (রা.) অন্য বর্ণনায় বলেন, 'তিনি নিজের কাপড় নিজেই সেলাই করতেন। নিজের জুতা নিজেই মেরামত করতেন এবং সাধারণ মানুষের মতোই ঘরের কাজকর্ম করতেন।' (তিরমিজি, হাদিস : ২৪৫৮৯)
অন্য এক হাদিসে আয়েশা (রা.) বলেন, 'রাসুল (সা.) নিজের কাপড় নিজে সেলাই করতেন, জুতা মেরামত ও সাংসারিক যাবতীয় কাজ করতেন।' (ফাতহুল বারি : ১৩/৭০)
এসব হাদিস থেকে প্রতীয়মান হয়, ঘরোয়া কাজে অংশ নেওয়া রাসুল (সা.)-এর আদর্শ। এতে সংকোচ বা লজ্জা পাওয়ার কিছু নেই। বরং ঘরের নারীদের

সহযোগিতা করা এবং তাদের কষ্ট লাঘবে কাজ করা মুমিনের জন্য অপরিহার্য। যেন নারীরা কাজের পাশাপাশি আমল-ইবাদতেও সময় দিতে পারেন।

আল্লাহ তাআলা বলেন,

﴿وَمِنْ آيَاتِهِ أَنْ خَلَقَ لَكُم مِّنْ أَنفُسِكُمْ أَزْوَاجًا لِّتَسْكُنُوا إِلَيْهَا وَجَعَلَ بَيْنَكُم مَّوَدَّةً وَرَحْمَةً﴾

"তাঁর নিদর্শনসমূহের মধ্যে একটি হলো, তিনি তোমাদের জন্য তোমাদের মধ্য থেকেই জীবনসঙ্গিনী সৃষ্টি করেছেন, যাতে তোমরা তাদের কাছে শান্তি পাও। আর তিনি তোমাদের মাঝে রেখেছেন ভালোবাসা ও দয়া।" (সূরা রূম, আয়াত ২১)

এই আয়াত আমাদের শিখায়—দাম্পত্য সম্পর্কের মূল ভিত্তি হচ্ছে "সাকিনা" (শান্তি), "মাওয়াদ্দাহ" (ভালোবাসা) এবং "রাহমাহ" (দয়া)। অথচ আজ অনেক ঘরে এই গুণ তিনটি একেবারে অনুপস্থিত। কারণ পরিবার গড়তে গিয়ে আমরা রাসূলের দেখানো পথকে ভুলে গেছি।

রাসূলুল্লাহ (সা.) স্ত্রীদের সঙ্গে এমনভাবে ব্যবহার করতেন যেন তারা নিজেদের নিরাপদ ও সম্মানিত বোধ করেন। তিনি কখনো গালি দেননি, হিংসা করেননি, না ব্যঙ্গ করেছেন। আয়েশা (রা.) বলেন, "আমি কখনো রাসূলুল্লাহ (সা.)-কে নিজের হাতে কোনো স্ত্রীকে অথবা কোনো খাদেমকে মারতে দেখিনি।" (মুসলিম)

পারিবারিক জীবনের আরও একটি গুরুত্বপূর্ণ দিক হলো—সন্তানদের প্রতি মমতা। রাসূলুল্লাহ (সা.) তাঁর নাতি হাসান ও হুসাইন (রাঃ)-কে ভালোবাসতেন অপারভাবে। তিনি তাদের কোলে নিতেন, চুমু দিতেন, কাঁধে উঠিয়ে নিতেন, সামনে সিজদায় গেলে পিঠে উঠে গেলে সিজদা দীর্ঘ করতেন। যখন একজন বেদুঈন বলল, "আমি তো আমার ছেলেকে কখনো চুমু দিইনি," তখন রাসূল বললেন,

«مَنْ لَا يَرْحَمْ لَا يُرْحَمْ»

"যে দয়া করে না, তাকে দয়া করা হয় না।" (বুখারী)

ঘরে যদি ভালোবাসা না থাকে, দয়া না থাকে, তাহলে সে ঘর হয় কবরের মতো—নীরস, অন্ধকার, ঠান্ডা। রাসূলুল্লাহ (সা.) এই অন্ধকারে আলো এনেছেন।

তিনি ঘরকে কেবল ভালোবাসার জায়গা বানাননি, বরং দ্বীনের কেন্দ্র বানিয়েছেন। তিনি বলেন,

«مُرُوا أَوْلَادَكُمْ بِالصَّلَاةِ وَهُمْ أَبْنَاءُ سَبْعِ سِنِينَ»

"তোমাদের সন্তানদের সাত বছর বয়সে নামাজের আদেশ দাও।" (আবু দাউদ)

আল্লাহ তাআলাও বলেন,

﴿وَأْمُرْ أَهْلَكَ بِالصَّلَاةِ وَاصْطَبِرْ عَلَيْهَا﴾

"তোমার পরিবারকে নামাজের নির্দেশ দাও এবং এতে নিজে ধৈর্য ধর।" (সূরা ত্বা-হা: ১৩২)

এই আয়াত ও হাদীস আমাদের বলে—সংসার মানে শুধু খাবার-পানির চিন্তা না; বরং নামাজ, দ্বীনি শিক্ষা, কুরআন তিলাওয়াত, হালাল-হারাম দেখা—সব মিলিয়ে একটা সুশৃঙ্খল ইসলামী পরিবেশ গড়ে তোলা।

সুন্নাত মোতাবেক চলা পরিবার মানে — যেখানে দয়া আছে, দায়িত্ব আছে, দ্বীন আছে; যেখানে স্বামী-স্ত্রী একে অপরকে বোঝে, সন্তানরা আদর্শ মানুষ হয়ে বড় হয়, এবং পুরো পরিবার আল্লাহর রহমতের ছায়ায় জীবন কাটায়।

পরিবারে সময় দেওয়া

স্ত্রীকে সঙ্গ দেওয়া এবং মানসিক সাপোর্ট দেওয়া আদর্শ স্বামীর কর্তব্য। স্ত্রী-সন্তানদের হক যথাযথভাবে আদায় করতে হবে। সংযমী হতে হবে কথাবার্তায়। সাহাবি উকবা ইবনে আমের (রা.) বলেন, 'আমি একদিন রাসুলুল্লাহ (স.)-এর কাছে উভয় জাহানের মুক্তির পথ কী জানতে চাইলাম। উত্তরে রাসুলুল্লাহ (স.) বললেন, কথাবার্তায় সংযমী হও, পরিবারের সঙ্গে তোমার অবস্থান যেন দীর্ঘ হয় এবং নিজের ভুলের জন্য আল্লাহর কাছে অনুতপ্ত হও।'(তিরমিজি: ২৪০৬)

স্ত্রীর মতামত নেওয়া

মহানবী (স.) শুধু ঘরোয়া বিষয়েই নয়, মুসলিম উম্মাহর অনেক গুরুত্বপূর্ণ বিষয়েও নিজের স্ত্রীদের মতামত নিতেন। হুদায়বিয়ার সন্ধির মতো গুরুত্বপূর্ণ প্রেক্ষাপটে নবীজি (স.) উম্মে সালমা (রা.)-এর কাছ থেকে পরামর্শ নিয়েছিলেন। পরবর্তী সময় যা অতি কার্যকরী বলে বিবেচিত হয়। (বুখারি: ২৭৩১)

পরিপাটি থাকা

স্ত্রীর সামনে নিজেকে পরিপাটি রাখা আদর্শ স্বামীর অন্যতম বৈশিষ্ট্য। এটি স্ত্রীর অধিকার। রাসুলুল্লাহ (স.) ইরশাদ করেন, ‘আমি আমার স্ত্রীর জন্য পরিপাটি থাকতে পছন্দ করি, যেমন আমিও চাই স্ত্রী আমার জন্য সাজুক।’ (বাইহাকি: ১৪৭২৮)

স্ত্রীর পরিবার-পরিজনকে ভালোবাসা

স্ত্রীর পরিবার-পরিজনকে ভালোবাসা একজন আদর্শ স্বামীর দায়িত্ব। এ প্রসঙ্গে হাদিসে একটি সুন্দর কাহিনী বর্ণিত হয়েছে। আয়েশা (রা.) বলেন, ‘আমি খাদিজা (রা.) ছাড়া নবী (স.)-এর পত্নীদের আর কাউকে ঈর্ষা করিনি, যদিও আমি তাঁকে তেমন পাইনি। তিনি বলেন, রাসুলুল্লাহ (স.) যখন বকরী জবেহ করতেন তখন বলতেন, এর গোশত খাদিজার বান্ধবীদের পাঠিয়ে দাও। একদিন আমি তাঁকে রাগান্বিত করলাম, আর বললাম, খাদিজাকে এতই ভালোবাসেন? রাসুলুল্লাহ (স.) তখন বললেন, তার ভালোবাসা আমার অন্তরে গেঁথে দেওয়া হয়েছে।’ (মুসলিম: ২৪৩৫)

সন্তানের যত্ন নেয়া

রাসুলুল্লাহ (স.) বাচ্চাদের খুব যত্ন নিতেন। বুখারি ও মুসলিমে আনাস (রা.) থেকে বর্ণিত হাদিসে রাসুল (স.) বলেছেন, ‘আমি নামাজ শুরু করে লম্বা করতে চাই, তবে শিশুর কান্না শুনে সংক্ষিপ্ত করে শেষ করি, কারণ আমি মায়ের কষ্টের তীব্রতা জানি’। হজরত আনাস ইবনে মালিক (রা.) বলেন, ‘পরিবার পরিজনের প্রতি রাসুল (স.)-এর মতো দয়াবান কাউকে দেখিনি।’ (সহিহ ইবনে হিব্বান: ৫৯৫০)

স্ত্রীর প্রতি ভালোবাসা প্রকাশ

ভালোবাসা মূলত কাজে প্রমাণ করার বিষয়, কিন্তু মাঝেমধ্যে মুখেও প্রকাশ করতে হয়। কারণ, স্ত্রীর মন স্বামীর ভালোবাসার কথা শোনার জন্য সবসময় অপেক্ষায় থাকে। তাছাড়া কথার মাধ্যমে স্ত্রীর প্রতি ভালোবাসার বহিঃপ্রকাশ করা নবীজির সুন্নত। রাসুলুল্লাহ (স.) বিভিন্ন সময়ে তাঁর প্রিয়তমা স্ত্রীদের বিভিন্ন রোমাঞ্চকর কথা বলতেন। যেমন, আয়েশা (রা.)-এর প্রশংসা করে নবীজি (স.) বলেছেন, 'খাবারের মধ্যে সারিদ যেমন সবার সেরা, নারীদের মধ্যে আয়েশা সবার সেরা।' (বুখারি: ৩৪১১) খাদিজা (রা.) সম্পর্কে বলেছেন, 'আমার মনে তার প্রতি ভালোবাসা ঢেলে দেওয়া হয়েছে।'(মুসলিম: ২৪৩৫) ।

স্বামী-স্ত্রী, পিতা-মাতা, সন্তান-সন্ততি সকলেরই দায়িত্ব রয়েছে;

পরিবারে স্বামীর করণীয়:-

- স্ত্রীকে যুক্তিসঙ্গত মোহরানা প্রদান করা।
- যথাযথ ভরণ-পোষণের ব্যবস্থা করা।
- নিরাপদ বাসস্থানের ব্যবস্থা করা।
- পরিবারে কাজের চাপ বেশি থাকলে সামর্থ্যানুসারে গৃহস্থ কাজে সহযোগী নিয়োগ করা।
- স্ত্রীর সাথে বন্ধুসুলভ আচরণ করা।
- একাধিক স্ত্রী থাকলে সমতা রক্ষা করা।
- স্ত্রীর মা-বাবাকে যথাযথ সম্মান প্রদান করা।
- স্ত্রীর আত্মীয়-স্বজনের সঙ্গে সদ্ব্যবহার করা।
- স্ত্রীর সঙ্গে ঘরোয়া খেলাধুলা, খুনসুটি করা।
- ব্যস্ততার মধ্যেও সুযোগ খুঁজে আনন্দভ্রমণের ব্যবস্থা করা।

পরিবারে স্ত্রীর করণীয়:-

- স্বামীর গোপনীয়তা রক্ষা করা।
- স্বামীর পরিবারের আত্মীয়-স্বজনের সাথে সদ্ব্যবহার করা।
- স্বামীর অর্থনৈতিক অবস্থা বিবেচনায় নিয়ে শখের জিনিসের আবদার করা।
- স্বামীর অনুপস্থিতিতে অপরিচিত কারো সাথে অপ্রয়োজনীয় কথা না বলা।
- পর্দাসংক্রান্ত বিষয়ে খেয়াল রাখা।

- স্বামীর অর্থ-সম্পদ বিশ্বস্ততার সাথে সংরক্ষণ করা।
- নিজের সতীত্বের হেফাজত করা।
- নৈতিক বিষয়ে স্বামীর প্রতি আনুগত্যশীল থাকা।
- শুশুর-শাশুড়ির যত্ন নেওয়া।

পরিবারে মা-বাবার দায়িত্ব:-

- উত্তম পন্থায় সন্তান লালন-পালন করা।
- ইসলামি মূল্যবোধের শিক্ষা দান করা।
- আচার-ব্যবহারে সন্তানদের মাঝে সমতা বিধান করা।
- সত্য-মিথ্যা, হক-বাতিল সম্পর্কে অবগত করা।
- সন্তানকে সচ্চরিত্রবানরূপে গড়ে তুলা।
- সন্তানের কল্যাণের জন্য দোয়া করা।
- সন্তানেরা বিয়ের উপযুক্ত হলে বিয়ে দেওয়া
- সন্তানের জীবনসঙ্গীকে নিজের সন্তানের মতো ভালোবাসা

পরিবারে সন্তানের করণীয়:-

- পরিবারের নিয়ম-কানুন মেনে চলা।
- পিতা-মাতার আনুগত্য করা।
- পিতা-মাতা ও অন্যান্য সদস্যের সাথে সদ্ব্যবহার করা।
- বড়দের শ্রদ্ধা করা।
- ছোটদেরকে স্নেহ করা।
- ভাই-বোনদের মধ্যে পারস্পরিক বন্ধন সুদৃঢ় করা।
- অর্থনৈতিক টানাপোড়েনে পরিবারের ওপর চাপ প্রয়োগ না করা।
- পরিবারকে সমাজের কাছে হেয় প্রতিপন্ন হতে হয় এমন কোনো কাজে যুক্ত না হওয়া।

সর্বোপরি সুখি-সমৃদ্ধ ও শান্তিপুর্ণ পরিবার গঠনে পরিবারের প্রত্যেক সদস্যকে পারস্পরিক শ্রদ্ধা, ভালোবাসা, আনুগত্য ও সহযোগিতার মনোভাব পোষণ করতে

হবে। পরিবারকে কেন্দ্র করে সমাজ গড়ে ওঠে; তাই সুষ্ঠু সমাজ গঠনের জন্য প্রথমেই আদর্শ পরিবার গড়ে তুলতে হবে। একমাত্র ইসলামই মানুষকে একটি আদর্শ পরিবার গঠনের প্রয়োজনীয় নির্দেশনা দেয়।

আল্লাহ তায়ালা বিবাহের পূর্ব থেকেই সুখী পরিবারের জন্য দোয়া শিখিয়ে দিয়েছেন। ইরশাদ হচ্ছে,

رَبَّنَا هَبْ لَنَا مِنْ أَزْوَاجِنَا وَذُرِّيَّاتِنَا قُرَّةَ أَعْيُنٍ وَاجْعَلْنَا لِلْمُتَّقِينَ إِمَامًا

‘হে আমাদের রব, আপনি আমাদেরকে এমন স্ত্রী ও সন্তানাদি দান করুন যারা আমাদের চক্ষু শীতলকারী। আর আপনি আমাদেরকে মুত্তাকীদের নেতা বানিয়ে দিন।’

(সুরা ফুরক্বান : আয়াত ৭৪)

সামাজিক জীবনে সুন্নাতের গুরুত্ব

মুসলিম সমাজের ভিত্তি হলো আল্লাহর নির্দেশনা এবং রাসূল (সা.) এর সুন্নাহ অনুসরণ। যখন আমরা বলি "সামাজিক জীবন", তখন আমরা আমাদের প্রতিদিনের আচরণ, সম্পর্ক এবং পারস্পরিক আচরণের কথা বলছি। সুন্নাহ আমাদের সেই আচরণগুলো কিভাবে সুন্দরভাবে পালন করতে হবে, তার একটি সঠিক দিশা দেখায়।

নবীজির জীবনে সামাজিক সম্পর্ক ছিল অত্যন্ত সুন্দর এবং শিক্ষণীয়। তিনি মানুষকে কিভাবে একে অপরের সাথে সম্মান, সহানুভূতি এবং ন্যায় প্রতিষ্ঠা করতে হয়, তা শিখিয়েছেন। এর মাধ্যমে কিভাবে আমরা নিজেদের জীবন এবং সমাজকে সুন্দর করতে পারি, তা জানাতে চাই।

১. একে অপরকে সম্মান করা (সহানুভূতি)

রাসূল (সা.) যে সম্মান এবং ভালোবাসা প্রকাশ করতেন তা ছিল ব্যতিক্রমী। তিনি কাউকে ছোট মনে করতেন না, সবাইকে এক চোখে দেখতেন। যেমন, যখন তিনি আলী (রা.) এর সাথে কথা বলতেন, তিনি তার প্রতি বিশেষ শ্রদ্ধা দেখাতেন। এই শিক্ষা আমাদের দেয়, আমরা যখন সমাজে থাকি, আমাদের প্রতিবেশী, পরিবার এবং বন্ধুদের সম্মান করা উচিত। শুধু মুখে নয়, প্রতিটি আচরণে সম্মান প্রদর্শন করা গুরুত্বপূর্ণ।

যদি আপনি কারো সাথে ভালো আচরণ করেন, তাকে সম্মান দেন, তাহলে সেই ব্যক্তি নিজে থেকে আপনার সাথে সম্মানজনক আচরণ করবে। রাসূল (সা.) এর সুন্নাহ এই বিষয়টি অনুপ্রাণিত করে।

২. বিভাজন না করা (একতা ও ঐক্য)

একতা সমাজে শান্তি এবং সমৃদ্ধি আনে। ইসলাম কোনো রকমের বিভাজন বা সমাজে বিচ্ছিন্নতা চায় না। রাসূল (সা.) বলেছেন, "মুমিনরা একে অপরের জন্য একটি একক দেহের মতো।" অর্থাৎ, যখন একজনের কষ্ট হয়, তখন অন্যদেরও কষ্ট হয়। সমাজে যদি আমরা একে অপরকে সহানুভূতিশীল ও সাহায্যকারী হিসেবে দেখি, তাহলে সবার মধ্যে ঐক্য প্রতিষ্ঠিত হবে।

এটি প্রতিদিনের জীবনে কীভাবে কাজে লাগানো যায়? আমাদের সমাজে নানা মতামত ও বিভক্তি থাকলেও, যদি আমরা একে অপরকে বুঝতে চেষ্টা করি এবং ভালো সম্পর্ক বজায় রাখি, তাহলে সমাজে শান্তি ফিরে আসবে।

৩. সৎ ও ন্যায়পরায়ণ থাকা (অবিচার থেকে দূরে থাকা)

রাসূল (সা.) ন্যায় ও সত্যের জন্য আপোষ করেননি। তিনি সব সময় সঠিক কাজ করতেন, এবং কারো সাথে অবিচার বা অপসারণ করতেন না। তিনি বলতেন, "যে কোনো অবিচারের প্রতিবাদ করো, সেটা ছোট হোক বা বড়।" (মুসলিম)

আজকে আমাদের সমাজে অনেক সময় ন্যায়বিচার হারিয়ে যায়। কিন্তু যদি আমরা সুন্নাহ অনুসরণ করি, আমাদের কর্তব্য হবে অবিচারের বিরুদ্ধে দাঁড়িয়ে সত্য প্রতিষ্ঠা করা। কাজের ক্ষেত্রে সৎ থাকা এবং ন্যায়সঙ্গত হওয়া আমাদের দায়িত্ব। এই আদর্শ পালন করলে সমাজে মানুষের মধ্যে বিশ্বাস এবং শ্রদ্ধা বৃদ্ধি পাবে।

৪. সহানুভূতি এবং দয়ার মনোভাব (সমাজের প্রতি দায়িত্ব)

রাসূল (সা.) সমাজের প্রতি দয়ার মনোভাব রাখতেন। তিনি সাধারণ মানুষ থেকে শুরু করে গরিব, অসুস্থ, নিঃস্বদের প্রতি গভীর সহানুভূতি দেখাতেন। তিনি বলতেন, "যে ব্যক্তি অন্যদের প্রতি দয়া করে, আল্লাহ তাকে দয়া করবেন।" (বুখারি)

এটি সমাজের প্রতিটি সদস্যের জন্য একটি মূল্যবান শিক্ষা। যদি আপনি সাহায্য করতে পারেন, তবে সাহায্য করুন। ছোট ছোট সহানুভূতির মাধ্যমে আপনি সমাজে ভালোবাসা এবং শান্তি প্রতিষ্ঠা করতে পারবেন।

৫. ভালোবাসা এবং সম্পর্কের মূল্য (মৌলিক সম্পর্কের মধ্যে শান্তি)

